

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৯(আগরতলা, ১৯।০২

খোয়াই, ১৯ ফেব্রুয়ারি, ২০২০

খোয়াইয়ে সয়েল হেলথ কাৰ্ড দিবস

খোয়াই মহকুমা কৃষি ও কৃষক কল্যাণ কাৰ্যালয়ের উদ্যোগে আজ খোয়াইয়ে সয়েল হেলথ কাৰ্ড দিবস ও সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। কাৰ্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানে মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক চন্দন দেববৰ্মা মাটির স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয়তা ও তার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। তিনি বিজ্ঞান ভিত্তিক চাষাবাদের উপরও গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে মহকুমা কৃষি ও কৃষক কল্যাণ কাৰ্যালয়ের পক্ষ থেকে এলাকার ৫০ জন কৃষককে সয়েল হেলথ কাৰ্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে খোয়াই ব্লক এলাকার বিভিন্ন পঞ্চায়েতের কৃষকগণ অংশগ্রহণ করেন।
